# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

সারিইয়া বাশীর বিন সা‘দ (سرية بشير بن سعد الأنصاري)

৭ম হিজরীর শাওয়াল মাস। বনু গাত্বফান অথবা ফাযারাহ গোত্রের ইয়ামান ও জাবার(يَمَن وَجَبَار) এলাকায় ৩০০ সৈন্যের এই দলটি প্রেরিত হয়। কেননা শত্রুরা তখন মদীনার সীমান্তবর্তী অঞ্চল সমূহের উপরে হামলার জন্য বিরাট একটি দল জমা করেছিল। মুসলিম বাহিনীর আগমনের সংবাদ পেয়ে তাদের দল বিক্ষিপ্ত হয়ে পালিয়ে যায়। বহু গণীমত হস্তগত হয় ও দু’জনকে বন্দী করে মদীনায় আনা হ’লে তারা মুসলমান হয়ে যায়।[1]

## ফুটনোট

[1]. আর-রাহীক্ব ৩৮৩ পৃঃ; যাদুল মা‘আদ ৩/৩২১-২২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5567

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন